# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭৯৪

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৯. প্রথম অনুচ্ছেদ - বক্তৃতা ও কবিতা আবৃত্তি

## بَابُ الْبَيَانِ وَالشِّعْرِ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لِأَنَّ يمتلىءَ جَوْفُ رَجُلٍ قَيْحًا يَرِيهِ خَيْرٌ مِنْ أَنْ يمتلئ شعرًا» مُتَّفق عَلَيْهِ

বাংলা

৪৭৯৪-[১২] আবূ হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কোন ব্যক্তির পেটকে পুঁজ দ্বারা পরিপূর্ণ করা, যা পেটকে নষ্ট করে দেয়, তা কবিতা দ্বারা ভর্তি করা অপেক্ষা উত্তম। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৬১৫৫, মুসলিম ৮-(২২৫৮), মা'আরিফাতুস্ সুনান ওয়াল আসার লিল বায়হাক্বী ৬১৬৮, মুসান্নাফ ইবনু আবূ শায়বাহ্ ২৬০৮৬, মুসনাদে আহমাদ ১৫০৭, ১৫৬৯; আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৬০০৯, আল মু'জামুল আওসাত্ব ৭৪৭৮, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্বী ২১৬৭৫, আস্ সুনানুস্ সুগরা ৪৬৯৪।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ হাদীসটির উদ্দেশ্য হলো কাব্য চর্চায় বেশি মনোনিবেশ করাটা কুরআন শিক্ষা ও শারী‘আতের জ্ঞান শিক্ষা থেকে বিরত রাখে। এ জন্য নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বেশি কাব্য চর্চার নিন্দা করেছেন।

‘আল্লামা সুয়ূত্বী (রহিমাহুল্লাহ) বলেনঃ এর দ্বারা শুধু ঐ সমস্ত কবিতা উদ্দেশ্য যেগুলোতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিন্দা করা হয়েছে। তবে অনেকেই এ মতকে গ্রহণ করেননি বরং বলেছেন, এর দ্বারা সকল কবিতা চর্চায় বেশি মনোনিবেশ করার বিষয়টি নিষেধ করা হয়েছে।

(মিরক্বাতুল মাফাতীহ; ফাতহুল বারী ১০ম খন্ড, হাঃ ৬১৫৫; শারহুন নাবাবী ১৫শ খন্ড, হাঃ ২২৫৭/৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75518

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন